Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৪শে পৌষ বুধবার ১৩৬৪ ইংরাজী 8th Jan. 1958 { ৩৩শ সংখ্যা

১৮ই পৌষ ১৮৭৯ শকাব্দ




হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম

হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয়। আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট

"আইওলিন"

চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

হ্যানিম্যান হল

খাগড়া, মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৪শে পৌষ বুধবার সন ১৩৬৪ সাল।

# ভাষার মুরুব্বি জোর

প্রায় দুইশত বৎসর ভারতবর্ষ বিদেশী শাসক ইংরাজের শাসনাধীনে অতি কষ্টে পরাধীনতার গ্লানি সহ্য করে আজ প্রায় এগার বৎসর স্বাধীনতা-সুখ ভোগ করিবার সৌভাগ্য লাভ করিয়াছে।

এক ভারতবর্ষে (১) কংগ্রেস নামক বৃহত্তম রাজনীতিক দলের অধীনে ভারত ইউনিয়ন (২) মোসলেম লীগ নামক প্রবল মুসলমান রাজনীতিক দলের অধীনে পাকিস্থান এই দুইটি স্বাধীন রাজ্য গঠিত হইল ১৯৪৭ ইংরাজী অব্দের ১৫ই আগষ্ট হইতে। পরাধীনতার যাতনা কি প্রকার এবং স্বাধীনতার সুখ কত আরামের তাহা উভয় স্বাধীন দেশই মজ্জায় মজ্জায় অনুভব করিতেছে।

ইংরাজ বাংলার কিয়দংশের অধিবাসীদের জব্দ করার জন্য বিহারের সামিল করিয়া বাংলা ভাষা-ভাষীদের খুব অসুবিধায় ফেলিয়া দণ্ডিত করিয়াছিল। বিহারী নেতৃবৃন্দ বাংলার এই অংশকে পুনরায় বাংলা প্রদেশের অন্তর্গত করিবার ভরসা বরাবর দিয়াছিলেন। কিন্তু স্বাধীন হওয়ার পর ইংরাজ প্রভুদের প্রদত্ত দণ্ড বিহারের মুনফা বলিয়া দখল ছাড়িতে রাজি হইলেন না।

স্বাধীনতা লাভের পরও জনৈক মুখ্যতম বিহারী নেতা পাটনায় দুঃখ করিয়া বক্তৃতা করিয়াছেন যে এখনও বিহার বাংলার এই অংশের অধিবাসীদের বাংলা ভুলাইয়া হিন্দী ভাষী করিতে পারিল না। সেই অবধি তাঁহার যেন একটা জিদ পড়িয়া গিয়াছে—হিন্দীকে এই ভাবে সমৃদ্ধিশালী করিতেই হইবে।

ভারত ইউনিয়নে ২৪ কোটি আন্দাজ অধিবাসী অহিন্দীভাষী এবং ১২ কোটি আন্দাজ হিন্দীভাষী। ইংরাজ সমস্ত ভারতবর্ষে পাঁচটি বিশ্ববিদ্যালয় স্থাপন করিয়া দুইশত বৎসরে শতকরা ১৫ জনকে আক্ষরিক অর্থাৎ অক্ষর পরিচয় জ্ঞানসম্পন্ন করিয়া যাইতে পারিয়াছেন। শতকরা ৮৫ জন ছিল নিরক্ষর। এই ১১ বৎসরে যদি শতকরা ১০ জনও এরা বৃদ্ধি করিয়া থাকেন তবে শতকরা ৭৫ জনই যেমন নিরক্ষর ছিলেন তেমনি আছেন।

স্বাক্ষরিক ও নিরক্ষর উভয় দলই কথা বলিতে পারে। আমরা হিন্দী ভাষা ভাষীদের এই বাংলায় তাঁহাদের মধ্যে কথোপকথন শুনিয়া কানে আঙ্গুল দিয়া সে স্থান ত্যাগ করিতে বাধ্য হই। অবশ্য ভদ্রশ্রেণীর মধ্যে ভাষা প্রয়োগের সাবধানতা থাকিলেও গালাগালি যুক্ত শব্দ নেহাৎ কম থাকে না। হিন্দী ভাষা ভাষীদের মধ্যে নিরক্ষরদের কথা অশ্লীলতা পূর্ণ তো বটেই তার উপরে চুণ ও দোক্তা মুখে দিয়া মিনিটে মিনিটে মুখামৃত পচ্ পচ্ শব্দ করিয়া উপবেশনের স্থানটিকে যে পরিচ্ছন্নতা পূর্ণ করে তাহা ব্যক্ত করা দুঃসাধ্য। এই হিন্দীভাষা অনেকেই ক্ষমতার আসনে অধিষ্ঠিত হইয়া এই শ্রুত-মধুর ভাষাকে রাষ্ট্রীয় ভাষায় উন্নীত করিবার ব্রত গ্রহণ করিয়া অন্য ভাষা ভাষীদিগকে বিব্রত করিবার উদ্যোগ করিতেছেন। ফলে ২৪ কোটি অহিন্দী ভাষীর ১২ কোটির ভাষা চালাইবার উদ্যোগ করিয়া বর্ত্তমানে যেন একটু সমঝিয়াছেন। আমরা মসনদে অধিষ্ঠিত ও তাহার চতুষ্পার্শ্বস্থ জবরদস্ত মহোদয়গণকে আদব কায়দার সঙ্গে অনুরোধ করি—

এই রাষ্ট্রীয় ভাষায় একখানি জাতীয় সঙ্গীত লিখিয়া ইহাকে সমৃদ্ধ করুন। আমরা আমাদের সামান্য বিদ্যায় বাংলা ভাষায় যে চিত্র কাব্য সংস্কৃত ভাষা হইতে অনুকরণ করিয়াছি তাহার কয়েক কপি ধর্ম্মাবতারগণের হস্তে পাঠাইবার চেষ্টা করিব।

---

## ভারতীয় সেনাদলের প্রত্যাবর্ত্তন

কুমায়ুনের প্যারাসুট বাহিনীর তৃতীয় ব্যাটালিয়ন রাষ্ট্রসঙ্ঘের আপৎকালীন বাহিনীর সহিত মিশরে এক বৎসরকাল কাটাইয়া স্বদেশে প্রত্যাবর্ত্তন করিয়াছেন। আগ্রায় তাঁহাদের সাদর সম্বর্ধনা জানান হয়।

—প্রেঃ ইঃ ব্যুঃ

---

## বীরভূম জেলায় চরকা কেন্দ্র উদ্বোধন

গত ২৫।১২।৫৭ তারিখ খাদি ও গ্রামোদ্যোগ বোর্ডের সম্পাদক শ্রীযুক্ত পঞ্চানন বসু মহাশয় জাজিগ্রাম সর্বোদয় আশ্রম পরিদর্শনার্থে আসেন। ঐদিন বৈকালে আশ্রম হইতে তিন মাইল দূরবর্ত্তী বর্দ্ধনপাড়া গ্রামে অম্বর পরিশ্রমালয় এবং ২৬।১২।৫৭ তারিখ বীরভূমের গ্রামদানী গ্রামে (চন্দ্রপাড়া ও মজুরকোলা) শ্রীযুক্ত বসু মহাশয় চরকা কেন্দ্রের উদ্বোধন করেন ও জনসভাতে গ্রামদানের মূলতত্ত্ব বিষয়ে বক্তৃতা দেন। বীরভূম জেলা নিবেদক শ্রীযুক্ত লালবিহারী সিংহ মহাশয়ও গ্রামদানের কথা ভাল ভাবে বুঝাইয়া বলেন। পরিশেষে "সবারে বাসরে ভাল" গীতের পর সভার কার্য্য শেষ হয়।

—সংবাদদাতা

---

## তাম্রকুটের নেশা ত্যাগের উপায়

ধূমপানের নেশা আজকাল অত্যন্ত বৃদ্ধি পাইয়াছে এবং ধূমপায়ীরা একথা জানিয়া শুনিয়া এই ক্ষতিকর নেশায় জড়াইয়া পড়েন। সিগারেট খুব ঠাস পাকানো হয় না বলিয়া উহার মধ্যে যে বাতাস থাকে তাহা সিগারেট পুড়িবার সময় কার্ব্বলিক অকসাইড ও অপরাপর বিষাক্ত গ্যাস উৎপন্ন করে। সিগারেটের কাগজ পুড়িয়া এক্রোলেইন বিষ উৎপন্ন করে। এই সমস্ত বিষ তামাকের নিকোটিন অপেক্ষা কম ক্ষতিকারক নহে। ফুসফুসের মধ্যে এবং স্নায়ুমণ্ডলীর উপর ইহার প্রতিক্রিয়াও নিঃসন্দেহেই ক্ষতিকর।

তাম্রকুট সেবনের নেশার হাত হইতে রেহাই পাইবার সহজতম উপায় উদ্ভাবনে এক আমেরিকান চিকিৎসকের অবদান সত্যই প্রশংসনীয়। ডাক্তার ডি, এইচ ক্রেস নামক চিকাগোর চিকিৎসা ব্যবসায়ী এ বিষয়ে একটি ক্লিনিক খুলিয়া যথেষ্ট সাফল্যের পরিচয় দিয়াছেন।

লোকহিতকর এই চিকিৎসালয়ে প্রত্যহ দলে দলে নরনারী ধূমপানের অনাবশ্যক ও ক্ষতিকর ব্যসন হইতে নিষ্কৃতি লাভের জন্য ডাক্তার ক্রেশের শরণাপন্ন হইতে থাকে।

ডাক্তার ক্রেসের চিকিৎসায় সুদীর্ঘ ২৫।৩০ বৎসরের পুরাতন নেশাখোর যেমন নিষ্কৃতি পাইয়াছেন,

তেমনি বহু অপরিণত বালক বালিকা এবং স্ত্রীলোকও এই কুঅভ্যাসের হাত হইতে রেহাই পাইয়াছে।

ডাক্তার ক্রেস এই চিকিৎসা পদ্ধতি বিশ্লেষণ করিয়া বলেন, তামাকের নিকোটিন শরীরের মধ্যে গিয়া বিষের পিপাসা দুর্দ্দমনীয় করিয়া তোলে, এবং তাহার ফলে মানুষকে মুহুর্মুহু তামাক সেবন করিতে হয়।

ডাক্তার ক্রেস দেখিয়াছেন যে, সিলভার নাইট্রেট সলিউসন নিকোটিন বিষের সংস্পর্শে আসিলে এক-প্রকার বিরুদ্ধ রাসায়নিক প্রতিক্রিয়া আরম্ভ হয়। তখন নিকোটিন জর্জ্জরিত শরীরে অতিরিক্ত নিকোটিন আর সহ্য হয় না। সুতরাং ধূমপায়ীরা যদি মধ্যে মধ্যে সিলভার নাইট্রেট সলিউসন দিয়া মুখ ধুইতে পারেন তবে তাহাদের পক্ষে আর যে কোন প্রকারের তামাক খাওয়া অস্বস্তিকর হইবে। অভ্যাসবশতঃ খাইতে গেলেও তাহা অত্যন্ত বিস্বাদ লাগিবে এবং মোটেই রুচিকর হইবে না। এই ভাবে কিছুদিনের মধ্যে তাম্রকূটের পাকা নেশাও চিরতরে চলিয়া যাইবে।

এই চিকিৎসা প্রণালীর উদ্ভাবক কিন্তু ডাক্তার ক্রেস নন। বহু পূর্ব্বে ১৯০৮ সালে এই প্রক্রিয়ার কথা গবেষক বিজ্ঞানীরা প্রকাশ করেন কিন্তু কেহই তখন ইহার সম্ভাব্য ফলাফল পরখ করিয়া দেখেন নাই। ডাঃ ক্রেস প্রথম তাঁহার এক রোগীর মুখের ক্ষত চিকিৎসা করিতে গিয়া কষ্টিক লোসন বা সিলভার নাইট্রেট লোসন দিয়া তাহার মুখ ধুইবার ব্যবস্থা করেন। ইহার পর রোগীটির তামাকে ভয়ানক বিতৃষ্ণা জন্মিয়া যায়।

ডাক্তার ক্রেস তামাক ছাড়াইবার এই সহজ প্রণালীটির সদ্ব্যবহারে যথেষ্ট ফল পাইয়াছেন। অবশ্য তিনি ধূমপায়ীদের রুচিকর গুরুপাক মসলাদার খাদ্য গ্রহণ করিতে নিষেধ করেন কারণ ধূমপায়ীরা সাধারণতঃ চা, কফি, মাছ, মাংসের বিশেষ অনুরাগী হয়। রোগীদের যদি দুগ্ধ বা ফলমূল জাতীয় সাত্ত্বিক আহার খাওয়াইয়া রাখা যায় তাহাতে তাহাদের তামাক খাওয়ার তৃষ্ণা অনেক কমে। সেইজন্য চিকিৎসা কালে পথ্য নিয়ম অধিকতর ফলদায়ী হইয়া থাকে।

—'হিমাদ্রি'

---

## চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান নির্ব্বাচন

গত ২রা জানুয়ারী বৃহস্পতিবার বেলা ১১ ঘটিকায় জঙ্গিপুর পৌর সভায় নব-নির্ব্বাচিত কমিশনরগণ শপথ গ্রহণ করার পর অন্যতম কমিশনর ডাক্তার প্রভাতকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয়ের সভাপতিত্বে নির্ব্বাচনপর্ব্ব শেষ হইয়াছে। সর্ব্ব-সম্মতিক্রমে শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায় মহাশয় চেয়ার-ম্যান ও শ্রীদ্বারকানাথ সাহা মহাশয় ভাইস-চেয়ার-ম্যান নির্ব্বাচিত হইয়াছেন। মুক্তি বাবু উপর্য্যুপরি তিনবার চেয়ারম্যান ও দ্বারক বাবু দুইবার ভাইস-চেয়ারম্যান পদে অধিষ্ঠিত হইলেন।

---

## পুলিশের কর্ম্মতৎপরতা

বিগত ১৩ই পৌষ শনিবার রাত্রে রঘুনাথগঞ্জে শ্রীনানিকরাম আগরওয়ালার ময়দা ও তেল কলের ঘর হইতে ৫টিন সরিষার তৈল চুরি যায়। পর দিন সকালে থানায় খবর দিলে রঘুনাথগঞ্জ থানার ভার-প্রাপ্ত সব-ইন্সপেক্টর শ্রীঅজিতকুমার চক্রবর্ত্তী মহাশয় সন্ধান পাইয়া মোড়গ্রাম রেল-ষ্টেশন সংলগ্ন সাঁকো-বাজার হইতে মালসহ শ্রীশুকদেব হালদার নামক এক রিক্সা-চালককে গ্রেপ্তার করিয়াছেন। সঙ্গে সঙ্গে চুরির কিনারা হওয়া এখানে এই প্রথম বলিয়াই মনে হয়।

---

## বসন্তের টীকা

জঙ্গিপুর পৌর এলাকায় ও মহকুমার বহু পল্লীতে বসন্ত রোগের প্রকোপ দেখা দিয়াছে। জনগণ অবিলম্বে বসন্তের প্রতিষেধক টীকা লউন।

---

## পর্বতারোহণ শিক্ষালয়

গত ২৫শে ডিসেম্বর প্রধান মন্ত্রী শ্রীজওহরলাল নেহেরু দার্জ্জিলিংএ হিমালয়ান মাউনটেনীয়ারিং ইন্‌ষ্টিটিউটের নূতন ভবনের উদ্বোধন করেন। তিনি বলেন, পার্বত্য অধিবাসী সমতলবাসীদের মধ্যে অধিকতর বুঝাপড়া থাকা আবশ্যক।

—প্রেঃ ইঃ ব্যুঃ

---

## সরকারী বিজ্ঞপ্তি

বহরমপুর—খয়রামারি রুটে 'ষ্টেজ ক্যারেজ' চলাচলের একটি স্থায়ী রুটের জন্য মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকারের সচিব দরখাস্ত আহ্বান করিতেছেন। ১৯৫৮ সালের ২২শে জানুয়ারি দরখাস্ত পাঠাইবার শেষ দিন। স্বাঃ—আর, এন, রায়, সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, মুর্শিদাবাদ।

---

## বাসোপযোগী ভিটা

রঘুনাথগঞ্জ চাউলপটীতে সদর রাস্তার ধারে ভদ্রপল্লীতে ১১ শতক পরিমাণ যায়গা বিক্রয় হইবে। নিম্নঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীবিশ্বেশ্বর চট্টোপাধ্যায়
রঘুনাথগঞ্জ চাউলপটী।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ২০শে জানুয়ারী ১৯৫৮

১৯৫৭ সালের ডিক্রীজারী

৭৮ খাং ডিঃ সৌরেন্দ্রনাথ রায় দেং বিভূতিভুষণ সরকার দিং দাবি ৩১ টাকা ৪৫ নঃ পঃ থানা সমসের-গঞ্জ মৌজে মালঞ্চা ১৮১ শতকের কাত ৬॥১॥ আঃ ১৫৲ খং ৬৮৪

৮৭ খাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং ভোলা-নাথ মিস্ত্রী দিং দাবি ১[illegible] টাকা ৭৫ নঃ পঃ থানা ফরক্কা মৌজে শ্রীমন্তপুর ৯ শতকের কাত ১॥/০ আঃ ৫৲ খং ১০১ স্থিতিবান স্বত্ব

১১৭ খাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং মৃণালিনী দেব্যা দাবি ১৩ টাকা ৬০ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে একরখি ১-২৮ শতকের কাত ৫/০ আঃ ২৫৲ খং ১৯৮

১১৮ খাং ডিঃ ঐ দেং শান্তিলতা গোস্বামী দাবি ১৭ টাকা ১৮ নঃ পঃ থানা ঐ মৌজে বেলসণ্ডা ২-১৮ শতকের কাত ৪।/১০ পাই আঃ ২৫৲ খং ২৭



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।



সি, কে, সেনের
**আমলা** কেশ তৈল
সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত


## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৫১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১৵৹ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।